## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 14 APRIL 2026 ,TUESDAY | ১৪ এপ্রিল ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-133


# বাঁকুড়ায় নির্বাচন কমিশনের ছয়দফা নির্দেশ বাস্তবায়নে জোর

## হোম ভোটিং শুরু মঙ্গলবার থেকে



**অনিকেত বারুই ,এই যুগ ,বাঁকুড়া ,১৩ এপ্রিল :** আসন্ন বিধানসভা নির্বাচনে ভয়মুক্ত, ছাপ্পামুক্ত ও ঝামেলামুক্ত ভোট নিশ্চিত করতে তৎপর বাঁকুড়া জেলা প্রশাসন। এই লক্ষ্যে জেলাশাসক অনীশ দাশগুপ্ত, পুলিশ সুপার সৌম্যদীপ ভট্টাচার্য এবং ডিস্ট্রিক্ট ফোর্স কো-অর্ডিনেটর সুধাংশু কুমার সোমবার বাঁকুড়া ডিএম অফিসে সাংবাদিক সম্মেলন করেন। সাংবাদিক সম্মেলনে তাঁরা জানান, নির্বাচন কমিশনের ছয়দফা নতুন নির্দেশ ভোটারদের ভয়মুক্ত পরিবেশে ভোটদান, ছাপ্পা রোধ, প্রলোভন দিয়ে ভোট কেনা বন্ধ এবং ভোটারদের অংশগ্রহণ বাড়ানোর মতো বিষয়গুলিকে ১০০ শতাংশ কার্যকর করতে বিশেষ নজরদারি চালানো হবে। এর পাশাপাশি এসএসটি নাকা-র উপরও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।প্রশাসনের তরফে এও জানানো হয়েছে , আগামীকাল মঙ্গলবার থেকে জেলায় হোম ভোটিং প্রক্রিয়া শুরু হচ্ছে। প্রায় ১২ হাজার ভোটার এই ব্যবস্থার আওতায় থাকবেন। ১৬ তারিখের মধ্যেই এই প্রক্রিয়া সম্পূর্ণ করার লক্ষ্য রাখা হয়েছে।জেলাশাসক ও পুলিশ সুপার স্পষ্টভাবে জানান, গোটা জেলায় ভয়মুক্ত, ছাপ্পামুক্ত এবং শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে কড়া নজরদারি চালানো হবে এবং কোনওরকম অনিয়ম বরদাস্ত করা হবে না।

# সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে প্রশাসনের তৎপরতা তুঙ্গে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** অবাধ নির্বাচনের লক্ষ্যে প্রশাসনিক কর্তাদের তৎপরতা তুঙ্গে উঠেছে। নির্বিঘ্নে নির্বাচন করার লক্ষ্যে আলিপুরদুয়ার জেলা প্রশাসন গ্রহণ করেছে আনান উদ্যোগ। সোমবার দুপুরে আলিপুরদুয়ার জেলা প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যায় এক বৈঠকের আয়োজন করেন আলিপুরদুয়ার জেলাশাসক ময়ূরী বাসু। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় বাহিনীর প্রধান এবং আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার অমিত কুমার সাউ। সাংবাদিকদের মুখোমুখি হয়ে ময়ূরী বাসু জানান সুষ্ঠু নির্বাচন করার লক্ষ্যে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বনবস্তি রয়েছে এমন এলাকায় বনদপ্তরের সঙ্গে কথা বলে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ভোট কর্মীদের সেখানে নিরাপত্তা ব্যবস্থা চূড়ান্ত ভাবে নেওয়া হয়েছে। যেই বুথগুলিতে নেটওয়ার্কের সমস্যা রয়েছে সেই বুধ গুলিতে যাতে ওয়েব কাস্টিং ঠিকঠাক মতো করা যায় সেদিকে লক্ষ্য রাখা হচ্ছে। নেটওয়ার্ক কোম্পানির গুলোর সঙ্গে এই বিষয়ে বৈঠক করা হচ্ছে। প্রত্যন্ত এলাকার নেটওয়ার্ক সমস্যা সম্পর্কে মুখ্য নির্বাচনী আধিকারিক কে জানানো হয়েছে।

# অভিযোগ জানাতে "টোল ফ্রি নম্বর" ও "ই-মেইল" চালু করলো নির্বাচন কমিশন




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৩ এপ্রিল :** আসন্ন রাজ্যে বিধানসভা নির্বাচন । নির্বাচনের প্রাক্কালে আইন-শৃঙ্খলা নিয়ে কোনরকম অভিযোগ থাকলে এবার সরাসরি অভিযোগ জানানো যাবে নির্বাচন কমিশনে। অভিযোগ জানানো জন্য জাতীয় নির্বাচন কমিশন চালু করলো টোল ফ্রি নম্বর। পাশাপাশি চালু করা হয়েছে ই-মেলও। ১৮০০৩৪৫০০০৮ টোল ফ্রি নম্বরে ফোন করে সরাসরি অভিযোগ করা যাবে । এছাড়াও ই-মেইল এর মাধ্যমেও অভিযোগ করতে পারবে যে কেউ - wbfreeandfairpolls@gmail.com। ৪ মে পর্যন্ত সক্রিয় থাকবে এই বিশেষ ব্যবস্থা। রাজ্যের সাধারণ নাগরিক এই নম্বরে ফোন অথবা ই-মেইল এর মাধ্যমে অভিযোগ করতে পারবে নির্বাচন কমিশনে । অভিযোগের ভিত্তিতে নির্বাচন কমিশন দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে বলে জানানো হয়েছে । রাজ্যে শান্তিপূর্ণ ও নিরাপত্তার মাধ্যমে নির্বাচন করানোর জন্য সবরকম পদক্ষেপ গ্রহণ করা হবে বলে আগেই জানিয়েছিল নির্বাচন কমিশন। তার জন্য প্রতি বুথে ২ টি করে ক্যামেরা থাকবে । কন্ট্রোল রুমে স্ক্রিনের মাধ্যমে নজরদারি চালাবে নির্বাচন কমিশন ।নির্বাচন কমিশনের এরূপ পদক্ষেপের প্রশংসায় পঞ্চমুখ সাধারণ মানুষ থেকে রাজনৈতিক ব্যক্তিত্ব প্রত্যেকেই। সকলের মতে ২০২৬ এ রাজ্যে বিধানসভা নির্বাচন কে ঘিরে নির্বাচন কমিশন বিশেষ ব্যবস্থা গ্রহণ করছে ,যাতে শান্তিপূর্ণভাবে নির্বাচন টা সম্পন্ন হয় ।

# নির্বাচন দপ্তরের ডেপুটি ডাইরেক্টর আলিপুরদুয়ারে আসলেন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** নির্বাচন দপ্তরের ডেপুটি ডাইরেক্টর অপূর্ব কুমার সিং এবং শ্রী রঞ্জিত শ্রীবাস্তব আলিপুরদুয়ার জেলার কালচিনি বিধানসভার পানিজোড়া বইগ্রাম এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন। এদিন আলিপুরদুয়ারের জেলাশাসক ময়ূরী বাসু সহ বিভিন্ন প্রশাসনিক কর্তারা সোমবার বিকেল পাঁচটা নাগাদ ওই এলাকায় পৌঁছান। এরপর নির্বাচন দপ্তরের আধিকারিকরা বিকেল সাড়ে পাঁচটা নাগাদ এলাকায় পৌঁছে বইগ্রাম এলাকায় ফলের গাছ রোপন করেন। আলিপুরদুয়ার জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রশাসনিক কর্তাদের বরণ করে নেওয়া হয়। সুষ্ঠু এবং সুন্দরভাবে ভোটদানের বার্তা দিয়ে যান তারা কাল যিনি বিধানসভার পানি ঝোড়া বই গ্রাম এলাকায়।

# মথুরা বাজারে পুলিশের প্রচার ভোটদানের বার্তা নিয়ে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** আলিপুরদুয়ার জেলা পুলিশের নির্দেশে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের মথুরা বাজারে জনগণকে স্বচ্ছ ভাবে ভোটদানের বার্তা দিলেন সোনাপুর ফাঁড়ির ওসি মিংমা শেরপা। সচেতনতা মূলক প্রচারের পাশাপাশি ওই এলাকায় কেন্দ্রীয় বাহিনীর জোয়ানদের নিয়ে রুট মার্চ করেন তিনি। সোনাপুর ফাঁড়ির ওসি জানিয়েছেন ভোটারদের নির্ভয়ে ভোটদানের বার্তা মথুরা বাজার নয় গোটা সোনাপুর পুলিশ ফাঁড়ির অধীনে থাকা বিভিন্ন এলাকার ভোটারদের দেওয়া হচ্ছে।

# পানিঝোড়ার বইগ্রামে বই পড়লেন জেলা শাসক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** শেক্সপিয়ার বলেছিলেন নামে কি আসে যায় ? রবীন্দ্রনাথ বলেছিলেন নামকে যারা নামমাত্র বলিয়া গণ্য করে আমি তাহাদের দলে নই। প্রশাসনিক কর্তাদের দেওয়া গ্রামের নাম পানিঝোড়া বই গ্রাম। রাস্তা থেকে শুরু করে সাধারণ বাসিন্দাদের বাড়ি যেখানেই যাওয়া যায় নানা রঙের বই পড়ার জন্য রয়েছে এলাকার বাসিন্দাদের। কালচিনি বিধানসভার পানিঝোড়া বইগ্রাম পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলার জেলা শাসক ময়ূরী বাসু সহ অন্যান্য প্রশাসনিক কর্তারা। এলাকার সাধারণ মানুষের সঙ্গে কথা বললেন তাদের বাড়ি বাড়ি গিয়ে তাদের খোঁজ খবর নিলেন জেলা শাসক ময়ূরী বাসু। ঘন্টাখানেক ধরে তিনি গ্রামে ঘুরে বই পড়ে সাধারণ ভোটারদের বার্তা দিয়ে আসেন নির্বিঘ্নে ভোট দান করার জন্য। জেলাশাসককে পেয়ে অনেকেই খুশি। ওই এলাকায় গিয়ে দেখা গেল প্রতিটি বাড়িতে শিক্ষার বার্তা লিখার রয়েছে দেওয়ালে মাটির ঘরেও। যা দেখে মুগ্ধ হয়ে গেছেন জেলাশাসক।

# গৃহবধূর আত্মহত্যাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য শামুকতলা এলাকায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** বিয়ের এক বছর দু মাসের মধ্যেই এক গৃহবধূর আত্মহত্যাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা এলাকায়। রবিবার রাতে গৃহবধূ পম্পি বর্মনের অস্বাভাবিক মৃত্যুর পরেই গৃহবধুর বাবা মেয়ের শ্বশুরবাড়ির তিনজনের বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছেন। পুলিশ অভিযোগ পেয়ে ঘটনা তদন্ত শুরু করেছে। জানা গেছে ওই গৃহবধূর বাবার বাড়ি শামুকতলা থানার টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের টটপাড়া জোড়াকুয়া এলাকায়। এক বছর দু মাস আগে মেয়েকে বিয়ে দিয়েছিলেন শামুকতলা থানার পটোতলা টিপ সংলগ্ন এলাকায় স্বপন রায়ের সঙ্গে। বিয়ের মধ্যে বিভিন্ন দান সামগ্রী দেওয়া হয়েছে কিন্তু কোন টাকা দেওয়া হয়নি পণ হিসেবে। বিয়ের পর থেকেই গৃহবধূর উপর নির্যাতন চলছিল বাবার বাড়ি থেকে টাকা আনার জন্য আর তাই নিয়ে তার শাশুড়ি প্রতিনিয়ত নির্যাতন করতো এমনটাই অভিযোগ মৃত গৃহবধুর বাবার। রবিবার রাতে তার শাশুড়ির সঙ্গে বাকবিতণ্ডা হওয়ার পরেই ঘরের দরজা বন্ধ করে রাখে ওই গৃহবধূ। তার শাশুড়ি তার পুত্রকে ডেকে আনে বাড়িতে । ঘরে ঢুকেই তার স্বামী দেখতে পায় তার স্ত্রীর দেহ ঝুলে রয়েছে। এরপর তাকে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। মৃতদেহ পুলিশ হেফাজতে নেয় রাতেই। মেয়ের মৃত্যুর কথা জানার পরেই জোড়া কুয়া থেকে তাদের বাড়ি গিয়ে খোঁজ খবর নেয়। সোমবার মৃত গৃহবধুর বাবা শামুকতলা থানায় তিন জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করে। ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তের পর মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠায় এবং ময়নাতদন্ত শেষে মৃতদেহ আলিপুরদুয়ার চুল্লিতে দাহ করে। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করেছে।

# বয়স্ক মহিলার ঝুলন্ত দেহ উদ্ধার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** শোয়ার ঘর থেকে ৫৫ বছর বয়স্ক এক মহিলার ঝুলন্ত দেহ উদ্ধার করল শামুকতলা রোড ফাড়িঁর পুলিশ। মৃত ওই মহিলার নাম খুকু মজুমদার। তার বাড়ি শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির সংলগ্ন উত্তর মজিদ খানা এলাকায়। সোমবার দুপুরে তার দেহ উদ্ধার করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠায় পুলিশ। ময়নাতদন্ত শেষে মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দেয় পুলিশ।

# বিজেপির রাজ্য সভাপতি শ্রমিক ভট্টাচার্য আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আলিপুরদুয়ার জেলায় এসে প্রচার করলেন তাদের দলের প্রার্থীর হয়ে। কালচিনি বিধানসভার হ্যামিল্টনগঞ্জ এলাকায় বিজেপির রোড শো বিজেপি প্রার্থীর সমর্থনে এদিন হ্যামিল্টনগঞ্জ থেকে রোড শো শুরু হয়। এদিনের রোড শো তে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। এদিন হ্যামিল্টনগঞ্জ থেকে কালচিনি পর্যন্ত এই রোড শো হয়। এদিনের রোড শো তে কয়েক হাজার বিজেপি কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন। শমীক ভট্টাচার্যের রোড শোকে কেন্দ্র করে বিজেপি কর্মী এবং সমর্থকদের ভিড় ছিল চোখে পড়ার মতো।

# প্রমোদ নগরে পুলিশ সুপার ,জেলাশাসক সহ উচ্চপদস্থ কর্তারা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** আলিপুরদুয়ার জেলার প্রশাসনিক কর্তারা আলিপুরদুয়ার শহরের ১৮ নম্বর ওয়ার্ডের প্রমোদ নগর এলাকা পরিদর্শন করে ভোটারদের সঙ্গে কথা বলেন। এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে এবং সুষ্ঠুভাবে ভোট দেওয়ার আবেদন জানান ভোটারদের। আলিপুরদুয়ারের জেলা শাসক ময়ূরী বাসু পুলিশ সুপার অমিত কুমার সাউ সহ সি এ পি এফ এর কর্মকর্তারা কেন্দ্রীয় বাহিনী জওয়ানদের নিয়ে রুট মার্চ করেন। ঘন্টাখানেক ধরে তারা ওই এলাকায় ছিলেন।

# পানিঝোড়ায় জেলাশাসক কে বরণ করল এলাকার বাসিন্দারা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** নির্বিঘ্নে ভোট দান এবং সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করার আবেদন জানালেন আলিপুরদুয়ার জেলার জেলাশাসক ময়ূরী বাসু পানিজোড়া গ্রামে নির্বাচন দপ্তরের আধিকারিকদের উপস্থিতিতে। সোমবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ নির্বাচন দপ্তরের ডেপুটি ডাইরেক্টর অপূর্ব কুমার সিং এবং শ্রী রঞ্জিত কুমার শ্রীবাস্তব ওই এলাকায় গিয়েছিলেন সেখানে ছিলেন প্রশাসনিক কর্তারা। এলাকার ভোটারদের সঙ্গে কথা বলে বার্তা দিলেন নির্বিঘ্নে ভোট দান করার ।কথা বললে সদ্য ভোটার তালিকায় নাম উঠা যুবক-যুবতীদের সঙ্গে।

# বুথ পরিদর্শন করলেন পুলিশ সুপার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ এপ্রিল :** পারোকাটা গ্রাম পঞ্চায়েতের মধ্য পারোকাটা গভমেন্ট কালার প্রাইমারি স্কুলের বুথ পরিদর্শন করে এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার অমিত কুমার সাউ। সোমবার সন্ধ্যা লাগাতে তিনি ওই এলাকায় পৌঁছান এরপর ভোটকেন্দ্র পরিদর্শন করে এলাকার ভোটারদের সঙ্গে কথা বলেন নির্বিঘ্নে ভোট দানের বার্তা দেন ভোটারদের। এরপর কেন্দ্রীয় বাহিনীর যোগানদের নিয়ে ওই এলাকায় রুট মার্চ করেন এমনটাও জানা গেছে পুলিশ সুপারের কাছ থেকে। পুলিশ সুপার জানিয়েছেন আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে প্রতিনিয়ত তিনি ভোটকেন্দ্র পরিদর্শনের পাশাপাশি রুট মার্চ করছেন। শান্তিপূর্ণ নির্বাচনের লক্ষ্যেই প্রশাসনের পক্ষ থেকে শুরু হয়েছে জেলার বুথে বুথে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |